


গণবিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা কর্তৃক অদ্য ২৯/৩/২০২১খ্রি। তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২১-১২৪ নং প্রজ্ঞাপনমূলে করোনা ভাইরাস প্রতিরোধ ও সামাজিক দূরত অধিকতর ফলপ্রস্তুতাবে নিশ্চিতকরণের লক্ষ্যে দোকান, হাট বাজার ও বারসা প্রতিষ্ঠান পরিচালনা ও জনসাধারণ এবং যানবাহন চলাচলের উপর আগামী ০২(দুই) সপ্তাহের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি আরোপ করা হয়:

- ক) সকল ধরণের জনসমাগম (সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরণের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে বা জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;
- খ) মসজিদসহ সকল ধর্মীয় উপসানালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে;
- গ) পর্যটন/বিনোদন কেন্দ্র/সিনেমা হল/থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;
- ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০(পঞ্চাশ) ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবেন।
- ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বৰ্ক রাখতে হবে;
- চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪(চৌদ্দ) দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- ছ) নিয়ত প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী খোলা বা উন্মুক্ত স্থানে স্বাস্থ্য বিধি প্রতিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; ওযুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- জ) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে মাঝ পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে;
- ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়ে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- ঞ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বৰ্ক থাকবে;
- ট) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/আঞ্চা বৰ্ক করতে হবে। জরুরী প্রয়োজন ছাড়া রাত ১০.০০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;
- ঠ) প্রয়োজনে বাইরে গোলে মাঝ পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাঝ পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ড) করোনায় আক্রান্ত/করোনার সংক্রমণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- ঢ) জরুরী সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/শিল্প কারখানাসমূহ ৫০(পঞ্চাশ) ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/অসুস্থ/বয়স ৫৫-উর্ধ্ব কর্মকর্তা/কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ণ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;
- ত) সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গগপর্যাক্ষার কেন্দ্রে যথাযথ স্বাস্থ্য বিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- থ) হোটেল-রেস্টোরাসমূহের ধারণ ক্ষমতার ৫০ (পঞ্চাশ) ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে;
- দ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাঝ পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

উচ্চ শর্তাবলী খুলনা জেলা ও মহানগরীর সংশ্লিষ্ট সকলকে মেনে চলার জন্য অনুরোধ করা হল। অন্যথায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোহাম্মদ হেলাল হোসেন

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

খুলনা

ও

সভাপতি


জেলা পর্যায়ে করোনা ভাইরাস এর সংক্রমণ

ও প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনা কমিটি

ফোন: ০২৪-৭৭৭২১১১১ (অফিস)

ফ্যাক্স: ০২৪-৭৭৭৩১৭৫০ (অফিস)

e-mail: dckhulna@mopa.gov.bd


মোহাম্মদ হেলাল হোসেন